

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০২.২০১৫.৪৪৪

তারিখ: ১০/০৯/২০১৭ খ্রি:


বিষয় : চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন মুশরীভূজা ইউসুফ আলী স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক পদে নিয়োগপ্রাপ্ত জনাব মোহা: আজগার আলী কে এম.পি.ও.ভুক্তকরণ সংক্রান্ত ।

সূত্র: জনাব মুহা: গোলাম মোস্তফা, মাননীয় সংসদ সদস্য, চাঁপাইনবাবগঞ্জ-২ এর ডি.ও.লেটার ।

উপর্যুক্ত বিষয়সূত্রে জানানো যাচ্ছে যে, জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১০ (সংশোধিত মার্চ, ২০১৩) ১১ (১৯) অনুযায়ী এম.পি.ও.ভুক্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে (৬ষ্ঠ-১২শ) স্কুল পর্যায়ে প্রধান শিক্ষকের পদ শূন্য হলে প্রধান শিক্ষক নিয়োগ করা যাবে না। তবে মাধ্যমিক পর্যায়ে এম.পি.ও.ভুক্ত কিন্তু কলেজ পর্যায় এম.পি.ও.ভুক্ত নয় এরূপ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কাম্য অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পন্ন ব্যক্তিকে প্রধান শিক্ষক পদে নিয়োগ দেয়া যাবে।

২। এমতাবস্থায়, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন মুশরীভূজা ইউসুফ আলী স্কুল এন্ড কলেজ এর কলেজ অংশ এম.পি.ও. ভুক্ত না হওয়ায় প্রধান শিক্ষক হিসেবে নিয়োগপ্রাপ্ত জনাব মোহা: আজগার আলী কে এম.পি.ও.ভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে



(আবু আলী মো: সাজ্জাদ হোসেন)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১১.২০১০.৪৪৩

তারিখ: ১০/০৯/২০১৭ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। জনাব মোহা: আজগার আলী প্রধান শিক্ষক, মুশরীভূজা ইউসুফ আলী স্কুল এন্ড কলেজ, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।